

## বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে বগুড়া সমিতি অস্ট্রেলিয়ার ত্রাণ বিতরণ ।

১৯ শে, আগস্ট ২০১৯ ইং

বগুড়ার সারিয়াকান্দির মথুরা পাড়া এলাকায় সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থদের মাঝে বগুড়া সমিতি অস্ট্রেলিয়া কর্তৃক প্রতিটি ব্যাগে ৩কেজি চাল, আধা কেজি ডাল, ২ কেজি আলু, আধা কেজি চিরা ও আধা কেজি চিনি ব্রান হিসাবে বিতরণ করা হয় ।

অস্ট্রেলিয়ায় বসবাসরত বগুড়া সমিতির সদস্যদের দেয়া অর্থে ৪৬০ (চার শত ষাট ) জন পরিবারের মধ্যে উক্ত ব্রান সামগ্রী বিতরণ করেন সমিতির সভাপতি মুক্তিযোদ্ধা ও প্রাক্তন খেলোয়ার শাহ মো: এনায়েতুর রহিম (বেলাল) । এ সময়ে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত সামরিক অফিসার মুক্তিযোদ্ধা শাহ মো: আতাউর রহিম (দুলাল), মো: আনহার আলী (সদস্য বগুড়া জেলা পরিষদ), মো: গাজীউল হক (সাবেক চেয়ারম্যান কুতুবপুর), রাজা ফকির, মো: মঞ্জুর রহমান । বগুড়া জেলা মহিলা সংস্কার সাধারণ সম্পাদক দিলরুবা আমিনা সুইট, ইনিজিনিয়ার কে, এম, বিল্লুর রহমান ।

ব্রানের সামগ্রী ক্রয় ও সুষ্ঠু ভাবে বিতরণের ব্যাপারে সার্বিকভাবে সহযোগীতা করেন যথাক্রমে হাসান বুরসী বাবু, সৈয়দ আপেল শাহাবুদ্দিন, শাহ মো: তানজির ওয়াজেদ (শোভন), মো: হিমেল , ও তপু কুমার ঘোষ ।

কৃতজ্ঞতার সহিত সকলকে ধন্যবাদ জানাই ব্রান তহবিলে অর্থ প্রদানের জন্য ।





